গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
সমাজসেবা ভবন
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৪১.০১.০০০০.০০৯.১১.০২০.১৭.৮৮২ তারিখ: ১৭-৭-২০১৭ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদফতরের নিম্নবর্ণিত শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্ত সকল জেলার প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে সরকারি নির্ধারিত ফরমে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা ও প্রয়োজনীয় অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর (স্থায়ী রাজস্ব) ১১০০০-২৬৫৯০/- | ০৭ (সাত) | ১। অনুমোদিত যে কোন শিক্ষা বোর্ড হতে এইচ, এস ,সি বা সমমান পাশ।<br>২। সাঁট-লিখন গতি প্রতি মিনিটে ইংরেজী ৮০, বাংলায় ৫০ শব্দ।<br>৩। কম্পিউটার মুদ্রণ গতি ইংরেজী ৩০ এবং বাংলায় ২৫ শব্দ।<br>৪। সাঁটলিপি ও কম্পিউটারে প্রশিক্ষণের সনদ অবশ্যই থাকতে হবে। | শুধুমাত্র মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২ | কম্পিউটার অপারেটর (অস্থায়ী রাজস্ব) ১১০০০-২৬৫৯০/- ১২৫০০-৩০২৩০/- বিভাগীয় প্রশিক্ষণ সাপেক্ষে | ০১ (এক) | ১। স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রীধারী। বিজ্ঞান বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। ন্যূনতম ০২(দুই) বৎসর চাকুরীসহ বিভাগীয় ডাটাএন্ট্রি/কন্ট্রোল অপারেটরগণের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।<br>২। Computer Operator's Standard Aptitude Test এ অবশ্যই উত্তীর্ণ হতে হবে। | ঐ |
| ৩ | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর (স্থায়ী রাজস্ব) ১০২০০-২৪৬৮০/- | ০৭ (সাত) | ১। স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী।<br>২। কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত, সাঁট-লিখন গতি প্রতি মিনিটে ইংরেজী ৭০, বাংলায় ৪০ শব্দ।<br>৩। কম্পিউটার মুদ্রণ গতি ইংরেজী ৩০ এবং বাংলায় ২৫ শব্দ।<br>৪। সাটলিপি ও কম্পিউটারে প্রশিক্ষণের সনদ অবশ্যই থাকতে হবে। | ঐ |
| ৪ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক( স্থায়ী রাজস্ব) ৯৩০০-২২৪৯০/- | ২০ (বিশ) | ক) স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপ ইত্যাদির সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ এবং বাংলায় ২০ শব্দ।<br>ঘ) কম্পিউটার এ্যাপটিচিউড টেষ্টে অবশ্যই উত্তীর্ণ হতে হবে। | ঐ |
| ৫ | নার্স (অস্থায়ী রাজস্ব) ৯৩০০-২২৪৯০/- | ০৫ (পাঁচ) | ক) স্বীকৃত শিক্ষা বোর্ড হতে অন্যূন ২য় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ।<br>খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে নার্সিং বা ফার্মাসিস্ট সনদ। | ঐ |
| ৬ | ডাটা এন্ট্রি অপারেটর (অস্থায়ী রাজস্ব) ৯৩০০-২২৪৯০/- | ০৮ (আট) | ১। স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>২। কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত।<br>৩। Data Entry Operator's Standard Aptitude Test এ অবশ্যই উত্তীর্ণ হতে হবে।<br>৪। স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার প্রশিক্ষণ সনদপত্র থাকতে হবে। | ঐ |
| ৭ | প্রশিক্ষক (গার্মেন্টস, এমব্রয়ডারী, টেইলারিং, উড নিটিং, জুট ওয়ার্কস, বাটিকস প্রিন্টিং,বিউটিফিকেশন, ক্রিস্টাল ওয়ার্কস) (অস্থায়ী রাজস্ব) ৯৩০০-২২৪৯০/- | ০২ (দুই) | ১। কোন স্বীকৃত বোর্ড হইতে ২য় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>২। কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ের উপর অন্যূন ৬(ছয়) মাসের ট্রেড কোর্স। | ঐ |
| ৮ | প্রশিক্ষক(উড ওয়ার্কস এবং উড কারভিং) (অস্থায়ী রাজস্ব) ৯৩০০-২২৪৯০/- | ০২ (দুই) | ১। কোন স্বীকৃত বোর্ড হইতে ২য় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>২। কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ের উপর অন্যূন ৬(ছয়) মাসের ট্রেড কোর্স। | ঐ |
| ৯ | প্রশিক্ষক (এ্যানিমেল হাসব্রেন্ডী পোল্ট্রি) (অস্থায়ী রাজস্ব) ৯৩০০-২২৪৯০/- | ০১ (এক) | ১। কোন স্বীকৃত বোর্ড হইতে ২য় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>২। কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ের উপর অন্যূন ৬(ছয়) মাসের ট্রেড কোর্স। | ঐ |
| ১০ | প্রশিক্ষক(মবিলিটি ও শারীরিক) (অস্থায়ী রাজস্ব) ৯৩০০-২২৪৯০/- | ০২ (দুই) | ১। কোন স্বীকৃত বোর্ড হইতে ২য় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>২। কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ের উপর অন্যূন ৬(ছয়) মাসের ট্রেড কোর্স। | ঐ |
| ১১ | কেয়ারটেকার (অস্থায়ী রাজস্ব) ৯০০০-২১৮০০/- | ০২ (দুই) | স্বীকৃত শিক্ষা বোর্ড হতে ২য় বিভাগে মাধ্যমিক সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;তবে শর্ত থাকে যে, সশস্ত্র বাহিনী বা আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণকে অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। | ঐ |
| ১২ | কারিগরি শিক্ষক (অস্থায়ী রাজস্ব) ১১০০০-২৬৫৯০/- | ০২ (দুই) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফাইন আর্টস বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী এবং<br>খ) কম্পিউটার চালনায় ব্যবহারিক জ্ঞান। | সকল কোটার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা ও প্রয়োজনীয় অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১৩ | শিক্ষক (অস্থায়ী রাজস্ব)<br>১৬০০০-৩৮৬৪০ | ০২<br>(দুই) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অনূন্য দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ ব্যাচেলর অব স্পেশাল এডুকেশন ডিগ্রী ;<br>তবে শর্ত থাকে যে, কম্পিউটার প্রশিক্ষণের সনদধারী প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। | ঐ |
| ১৪ | হিয়ারিং এইড টেকনিশিয়ান<br>(অস্থায়ী রাজস্ব)<br>১১০০০-২৬৫৯০/- | ০১<br>(এক) | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে হিয়ারিং এইড যন্ত্রপাতি মেরামত ও রক্ষণাবেক্ষণ, এয়ার মোল্ড মেকিংএবং মেজারিং হিয়ারিং লস, ইত্যাদি বিষয়ে সনদ; এবং<br>গ) বধির ব্যক্তিগণের ইশারা ভাষা সংক্রান্ত বিষয়ে অন্যূন ০৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | ঐ |
| ১৫ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (অস্থায়ী রাজস্ব)<br>৯৩০০-২২৪৯০/- | ১০<br>(দশ) | ক) স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপ ইত্যাদির সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ এবং বাংলায় ২০ শব্দ।<br>ঘ) কম্পিউটার এ্যাপটিচিউড টেষ্টে অবশ্যই উত্তীর্ণ হতে হবে। | ঐ |
| ১৬ | শিক্ষক<br>(স্থায়ী রাজস্ব)<br>১২৫০০-৩০২৩০ | ০৬<br>(ছয়) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অনূন্য দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ ব্যাচেলর অব স্পেশাল এডুকেশন ডিগ্রী ;<br>তবে শর্ত থাকে যে, কম্পিউটার প্রশিক্ষণের সনদধারী প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। | ঐ |
| ১৭ | সহকারী শিক্ষক<br>( রাজস্ব)<br>১১০০০-২৬৫৯০/- | ০১<br>(এক) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ ব্যাচেলর অব স্পেশাল এডুকেশন ডিগ্রী। | ঐ |
| ১৮ | ধর্মীয় শিক্ষক<br>(স্থায়ী রাজস্ব)<br>১১০০০-২৬৫৯০/- | ০১<br>(এক) | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে আলীম পাশ<br>খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ০৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | ঐ |
| ১৯ | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর(স্থায়ী রাজস্ব)<br>১০২০০-২৪৬৮০/- | ০১<br>(এক) | ১। স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী।<br>২। কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত, সাঁট-লিখন গতি প্রতি মিনিটে ইংরেজী ৭০, বাংলায় ৪০ শব্দ।<br>৩। কম্পিউটার মুদ্রণ গতি ইংরেজী ৩০ এবং বাংলায় ২৫ শব্দ।<br>৪। সাটলিপি ও কম্পিউটারে প্রশিক্ষণের সনদ অবশ্যই থাকতে হবে। | ঐ |
| ২০ | গাড়ীচালক<br>(স্থায়ী রাজস্ব) | ০২<br>(দুই) | অষ্টম শ্রেণি পাস। হালকা ও ভারী যানবাহন চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে। | ঐ |
| ২১ | ইলেকট্রিশিয়ান কাম পাম্প ড্রাইভার<br>(স্থায়ী রাজস্ব)<br>৯৩০০-২২৪৯০/- | ০১<br>(এক) | ক) অষ্টম শ্রেণী পাশ ; এবং<br>খ) ইলেকট্রিক্যাল ও পাম্প মেশিন অপারেটিং কাজে অন্যূন ০২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।<br>গ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | ঐ |
| ২২ | কারিগরি প্রশিক্ষক(উপজেলা)<br>(স্থায়ী রাজস্ব)<br>৮৫০০-২০৫৭০/-<br>ক) কম্পিউটার -৩৬টি<br>খ) মোবাইল ও ডিভিডি -১৪টি<br>গ) সেলাই ও উলবুনন -৩৫টি<br>ঘ) বাঁশ ও বেত -০৯টি<br>ঙ) বৈদ্যুতিক হাউজিং ওয়ারিং -১৪টি<br>চ) ওয়েল্ডিং -০৯টি<br>ছ) নার্সারী -০৯টি<br>জ) মৎস্য, পোল্ট্রি -১৮টি<br>ঝ) মৌমাছি চাষ -০৯টি<br>ঞ) বাটিক-বুটিক -১৮টি<br>চ) আচার তৈরী -০৭ টি | ১৭৮<br>(একশত আটাত্তর) | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং<br>খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ৬ (ছয়) মাস মেয়াদী ট্রেড কোর্স সনদ;<br>তবে শর্ত থাকে যে, কম্পিউটার চালনায় পারদশী প্রার্থীগণঅগ্রাধিকার প্রাপ্ত হইবেন। | ঐ |
| ২৩ | এ্যাটেনডেন্ট(স্থায়ী রাজস্ব)<br>৮২৫০-২০০১০/- | ০৪<br>(চার) | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঐ |
| ২৪ | বই বাধাইকারী (স্থায়ী রাজস্ব)<br>৮২৫০-২০০১০/- | ০১<br>(এক) | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) বুক বাইন্ডিং-এ অন্যূন ০২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | ঐ |
| ২৫ | বার্তাবাহক(স্থায়ী রাজস্ব)<br>৮২৫০-২০০১০/- | ১০<br>(দশ) | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঐ |

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা ও প্রয়োজনীয় অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২৬ | বাবুর্চি(স্থায়ী রাজস্ব)<br>৮২৫০-২০০১০/- | ০৭<br>(সাত) | ক) অষ্টম শ্রেণী পাশ ; এবং<br>খ) কুকিং-এ অন্যূন ০২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | ঐ |
| ২৭ | সহকারী বাবুর্চি<br>(স্থায়ী রাজস্ব)<br>৮২৫০-২০০১০/- | ০১<br>(এক) | ক) অষ্টম শ্রেণী পাশ ; এবং<br>খ) কুকিং-এ অন্যূন ০২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | ঐ |
| ২৮ | মালি (স্থায়ী রাজস্ব)<br>৮২৫০-২০০১০/- | ০১<br>(এক) | ক) অন্যূন অষ্টম শ্রেণী পাশ; এবং<br>খ) মালির কাজে বাস্তব কর্ম অভিজ্ঞতা। | ঐ |
| ২৯ | নিরাপত্তা প্রহরী<br>(স্থায়ী রাজস্ব)<br>৮২৫০-২০০১০/- | ১৮<br>(আঠার) | ক) অষ্টম শ্রেণী পাশ ;<br>খ) সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী। তবে শর্ত থাকে যে, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। | ঐ |
| ৩০ | পরিচ্ছন্নতা কর্মী<br>(স্থায়ী রাজস্ব)<br>৮২৫০-২০০১০/- | ০২<br>( দুই) | ক) অন্যূন অষ্টম শ্রেণী পাশ; তবে শর্ত থাকে যে, সুইপার সম্প্রদায়ের প্রার্থীগণ বিশেষ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। | ঐ |

আবেদনের পদ্ধতি ও শর্তাবলী ঃ

শর্তাবলী ঃ

১. নিয়োগের জন্য আবেদনকারী সাধারণ প্রার্থীদের বয়স ০১-৭-২০১৭ তারিখে ১৮-৩০ বছর এবং মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাগণের ক্ষেত্রে বয়স ১৮-৩২ বছর । মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের বয়স ১৮-৩০ বছর। শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য বয়স ১৮-৩২ বছর।

২. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি- বিধান /সকল প্রকার কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।

৩. আবেদনকারীকে মৌখিক পরীক্ষা গ্রহণের সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূল কপি প্রদর্শন করতে হবে এবং ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।

ক)শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) সনদের সত্যায়িত কপি।

খ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি।

গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র।

ঙ) শারিরীক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পিতা-মাতার/পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের পিতামহ/মাতামহ এর মুক্তিযোদ্ধা সনদপত্র।

চ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

৪. কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ অনিবার্য কারণ বশতঃ নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৫. আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:

৬. ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক http://dss.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন।
আবেদনের সময়সীমা নিম্নরুপ:

১. Online- এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৭-৭-২০১৭ সকাল ১১.০০ ঘটিকা।

২. Online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৭-৮-২০১৭ রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি(দৈঘ্য ৩০০× প্রস্থ ৩০০)pixel ও স্বাক্ষর (দৈঘ্য ৩০০× প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KBও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KBও হতে হবে।

গ.Online আবেদনপত্রে পূরণঁকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পুর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুনঃপূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online- এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Singnature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি USER ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy কপি প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's copy কপিতে একটি USER ID

নম্বর দেয়া থাকবে এবং USER ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং-০১ হতে ২১ নং পদের জন্য সার্ভিস চার্জসহ ১১২/-(একশত বার) টাকা এবং ক্রমিক নং-২২ হতে ৩০ পর্যন্ত পদের জন্য সার্ভিস চার্জসহ ৫৬/-(ছাপান্ন)টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, " Online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: DSS<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: DSS ABCDEF
Reply: Applicant's Name, TK....................will be charged as application fee.Your PIN is 12345678. To Confirm fee Type DSS<Space>YES<Space>PIN and Send to 16222.

দ্বিতীয় SMS: DSS<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: DSS YES 12345678
Reply: Congratulation Applicant's Name, payment completed successfully for DSS Application for the post of xxxxxxxxxxxxxx, User ID is (ABCDEF) and Password(xxxxxxxxx)

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dss.teletalk.com.bd অথবা, DSS Website: www.dss.gov.bd এর ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print(সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

৭. User ID জানা থাকলে : DSS<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: DSS HELP USER ABCDEF

৮. PIN Number জানা থাকলে : DSS<space>Help<space>PIN<space>PIN NO & Send to 16222.
Example: DSS HELP PIN 12345678

৯. ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

১০. আবেদনকারীকে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১১. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত গণ্য হবে।

১২. পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

(এ, কে, এম খায়রুল আলম)
অতিরিক্ত সচিব
পরিচালক(প্রশাসন ও অর্থ)
ও
সভাপতি
বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটি
সমাজসেবা অধিদফতর, ঢাকা।

বিতরণঃ-
সদয় জ্ঞাতার্থেঃ

১। সচিব, সমাজকল্যাণ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা।

৩। মাননীয় সমাজকল্যাণ প্রতিমন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় কার্যার্থেঃ

১। উপপরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি কার্যালয়, কাকরাইল, ঢাকা।

২। উপপরিচালক(প্রকাশনা, গবেষনা, মূল্যায়ণ ও গবেষনা), সমাজসেবা অধিদফতর, সদর কার্যালয়, ঢাকা। তাঁকে বিজ্ঞপ্তিটি সমাজসেবা অধিদফতরের ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

৩। নোটিশ বোর্ড/অফিস কপি।

anwar.1